স্বর্গীয় সতীশচন্দ্র সরকার মহাশয়ের প্রতিষ্ঠিত
**হ্যানিম্যান হল**
মুর্শিদাবাদ জেলার আদি ও শ্রেষ্ঠতম
হোমিও প্রতিষ্ঠান
হোমিওপ্যাথিক ও বাইওকেমিক ঔষধ কলিকাতার দরে বিক্রয় হয়। পাইকারী গ্রাহকদের বিশেষ সুযোগ ও সুবিধা দেওয়া হয় আমরা যত্নের সহিত ভি. পি. যোগে মফঃস্বলে ঔষধ সরবরাহ করি।
হোমিও পেটেন্ট **"আইওলিন"**
চক্ষু ওঠায় ফল সুনিশ্চিত।
হ্যানিম্যান হল, খাগড়া, মুর্শিদাবাদ
বিঃ দ্রঃ—কোন ব্রাঞ্চ নাই।

Registered
No. C. 853

# জঙ্গীপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

**বহরমপুর এক্সরে ক্লিনিক**
জল গম্বুজের নিকট
পোঃ বহরমপুর : মুর্শিদাবাদ
জেলার প্রথম বেসরকারি প্রচেষ্টা
★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।
★ যথা সম্ভব কাজ করা আমাদের বিশেষত্ব।
★ কলিকাতার মত এক্সরে করা হয়।
★ দিবারাত্রি খোলা থাকে।
জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৫১শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—১লা বৈশাখ বুধবার, ১৩৭২ ইং 14th April 1965 { ৪৬শ সংখ্যা



ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

**রান্নায় আনন্দ**

এই কেরোসিন কুকারটির অভিনবত্ব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।

রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও জমবে না।

জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।

- ধুলো, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
- স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
- যে কোনো অংশ সহজলভ্য।




**খাস জনতা**
কেরোসিন কুকার
বিপুলতা আমার।
দি ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ
৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২

**আর. পি. ওয়াচ কোং**
পোঃ রঘুনাথগঞ্জ — জেলা মুর্শিদাবাদ।
ছোট বড় যে কোন ঘড়ি, দেওয়াল ঘড়ি ও হাতঘড়ি সুলভে নির্ভরযোগ্য মেরামতের জন্য আর. পি. ওয়াচ কোং র দোকানে পাঠিয়ে দিন। বিনীত—শ্রীশঙ্করপ্রসাদ ভকত

**স্টুডেন্টস্ ফেভারিট**
রঘুনাথগঞ্জ, (বাস ষ্ট্যাণ্ড) মুর্শিদাবাদ
★ পাঠাগার, স্কুল ও কলেজের সব রকমের বই, খেলার সরঞ্জাম, কাগজ পেন ইত্যাদি সবচেয়ে সুবিধায় কিনুন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ

১লা বৈশাখ বুধবার সন ১৩৭২ সাল।

## বর্ষ বিদায় ও বর্ষ আবাহন

—o—

সন ১৩৭১ সাল চৈত্র সংক্রান্তির দিন তার রাজত্ব শেষ ক'রে চিরতরে মহাকালের সহিত মিশিয়া গেল। শুভ ১লা বৈশাখ হ'তে এল ১৩৭২ সাল। আমরা চিরদিনই গমনোন্মুখ বর্ষকে বিদায় অভিনন্দিত করিয়া নব বর্ষকে সাদরে আহ্বান করিয়া মনে মনে কত আশাই না পোষণ করিয়া থাকি। নূতন বৎসরের পঞ্জিকা প্রকাশ হওয়া মাত্র সব লোক বিশেষতঃ দুঃখ-দৈন্য-পীড়িত লোকেরা আকুল আগ্রহে জানবার জন্য ব্যস্ত হয়—আগামী বৎসর পঞ্জিকার ফল কেমন।

বৎসর যায়, বৎসর আসে তার মধ্যে কোনটী সুবৎসর ও কোনটী দুর্ব্বৎসর নামে অভিহিত হইয়া থাকে। ১৩৭১ সালকে স্বাগত আহ্বান করার সময় লোকে ভেবেছিল—বুঝি কিছু সুবিধা হবে। যা সুবিধা হ'য়েছে তা সকলেই অনুভব করেছে। পরস্পর আলাপ আলোচনার সময় কৌতুক ক'রে বলতো "আছি ভাল কষ্ট যা অন্ন-বস্ত্রের" এখন সেই হাসিঠাট্টা বাস্তবে পরিণত হয়েছে—টাকা থাকলেও দরকারের সময় জিনিস মিলে না। দোকানদারদের অসাধু ব্যবহারের জন্য সাধারণ লোকে অতিষ্ঠ হয়েছে। আজকাল অফিস ও অফিসারের সীমা সংখ্যা নাই। সাজ পোষাকের পরিপাটী যত ততটা কাজে দেখা যায় না। বচনবাগীশ কর্ম্মচারীদের দিয়ে কোন কাজ সুষ্ঠুভাবে হওয়া কঠিন। বাবা নববর্ষ, আমাদের দুঃখ দূর করতে পার আর নাই পার, সরকারী অর্থে পুষ্ট অসাধু কর্ম্মচারীদের একটা ব্যবস্থা কর। তোমার কাছে আমাদের এই নিবেদন।

---

## সতীর দেবতা পতি

সহযোগী কান্দীবান্ধবে প্রকাশ—অনেক পুণ্যের ফলেই তাই সতী পতির সঙ্গে ইহলোক ত্যাগ করে। সম্প্রতি খড়গ্রাম হইতে এরূপ একটি চমকপ্রদ সংবাদ পাওয়া গিয়াছে। প্রাপ্ত সংবাদে জানা যায় খড়গ্রাম থানার সাহপাড়া গ্রামের শ্রীচন্দ্রনাথ গাঙ্গুলী নিজ স্ত্রীসহ সাঁওতাল পরগণা জেলায় দুমকার নিকট একটি গ্রামে চিকিৎসক হিসাবে কয়েক বৎসর যাবত কাজ করিতেছিলেন। কয়েক দিন পূর্ব্বে তিনি নিজ গুরুদেবকে বাড়ীতে ডাকিয়া পাঠান এবং তাঁহার পায়ে মাথা রাখিয়া দেহত্যাগ করেন। শ্রীগাঙ্গুলীর মৃত্যুর পর সকলে শ্রীমতী গাঙ্গুলীকে হাতের শাঁখা ভাঙ্গিতে বলিলে তিনি বলেন, 'আমি সধবা আছি, তোমরা আমার শাঁখা ভাঙ্গিতে চাও কেন? ঐ কথা বলিবার পরই তিনি মূর্চ্ছা যান। সে মূর্চ্ছা আর ভাঙ্গে নাই। আট দশ ঘণ্টার মধ্যে তিনিও স্বামীর অনুগমন করেন মৃত্যুকালে শ্রীগাঙ্গুলীর বয়স ৪৫ বৎসর এবং শ্রীমতী গাঙ্গুলীর বয়স ৩৫ বৎসর হইয়াছিল।

---

## বর্দ্ধমানে কেপমারী দলের দৌরাত্ম্য

এক মাস হল বর্দ্ধমান শহরে কেপমারীর উপদ্রব হয়েছে। এই কেপমারী দল অদ্ভুত ফন্দি ফিকির করে লোকজনকে ভুলিয়ে মোটা টাকা হাতড়াচ্ছে।

গত ৫ই এপ্রিল সোমবার বর্দ্ধমান ট্রেজারী থেকে গুস্করার এক ধনী ব্যবসায়ীর কর্ম্মচারী ১৬০৯০৲ টাকা তোলেন। আসবার সময় শহরের মাঝখানে কেপমারী দল তাঁর অলক্ষ্যে তাঁর কাপড় জামায় দুর্গন্ধ ময়লা নিক্ষেপ করে। কর্ম্মচারীটি যখন সেই ময়লা পরিষ্কারের চেষ্টা করছিলেন, তখন সুযোগ বুঝে কেপমারী দল তাঁর টাকার থলিটি নিয়ে চম্পট দেয়। কিছুদিন পূর্ব্বে এক সরকারী কর্ম্মচারী সরকারী টাকা নিচ্ছিলেন ট্রেজারী থেকে। কেপমারীদল তাঁকে প্রভাবিত করে ১১০০০৲ টাকা নিয়ে চম্পট দিয়েছে। তারও আগে অনুরূপ কয়েকটি ঘটনা ঘটেছে। শহরের কয়েকটি ব্যবসায় প্রতিষ্ঠানও এদের পাল্লায় পড়ে প্রতারিত হয়েছে।

---

## পোষ্টকার্ডের মূল্য মন্ত্রীর মতে

যোগাযোগ মন্ত্রী শ্রী এস এন সিংহের মতে তাঁর ইচ্ছা থাকলেও পোষ্টকার্ডের দাম কমানো অসম্ভব। সংসদে তিনি এ প্রসঙ্গে আরো জানান যে, পোষ্টকার্ডের দাম ছ পয়সা, কিন্তু উৎপাদন-মূল্য আট পয়সা। এ জন্য সরকারের প্রতি বৎসর ক্ষতি হয় ২ কোটি ৮৫ লক্ষ টাকার মতো।

---

## কলিকাতা পুলিশ বাহিনীতে কনষ্টেবল নিয়োগ

কলিকাতা পুলিশ বাহিনীতে কনষ্টেবল হিসাবে নিয়োগের উদ্দেশ্যে মুর্শিদাবাদ জেলার বহরমপুর পুলিশ লাইন্সে ১৮ই এপ্রিল সকাল ৮-৩০ মিনিটে বাঙালী প্রার্থী নির্বাচন করা হইবে। প্রার্থীদের যোগ্যতা: (১) উচ্চতা ৫ ফুট ৬ ইঞ্চি, (২) বুক ৩১ ইঞ্চি (নিঃশ্বাস ছাড়িবার পর ২৯ [illegible] ইঞ্চ) (৩) ওজন ১২০ পাউণ্ড, (৪) ইংরেজী প[illegible] ও লিখনে সামর্থ্য ও বাংলা ভাষায় উত্তম জ্ঞান, (৫) বয়স ১৮ হইতে ২৫ বৎসর, (৬) কোনরূপ আংগিক বৈকল্যমুক্ত উত্তম স্বাস্থ্য এবং (৭) প্রার্থীদের অবিবাহিত হইতে হইবে।

নির্বাচিত প্রার্থীদের কলিকাতা পুলিশ হাসপাতালের মেডিকেল অফিসার কর্ত্তৃক স্বাস্থ্য পরীক্ষা করাইতে হইবে এবং অতঃপর তাঁহাদের চরিত্র ও প্রাক্‌পরিচয়ের যাথার্থ্য নির্ণয় করা হইবে। স্বাস্থ্য পরীক্ষা এবং চরিত্র ও প্রাক্‌পরিচয়ের যাথার্থ্য নির্ণয়ের পর যাঁহারা উপযুক্ত বলিয়া ঘোষিত হইবেন তাঁহাদিগকে ৮০—২—১১২ টাকা এই বেতনক্রমে কনষ্টেবল হিসাবে নিয়োগ করা হইবে। নিয়োগের পর তাঁহাদিগকে ব্যারাকপুর পুলিশ ট্রেনিং কলেজে ছয় মাস কাল কুচকাওয়াজ, শরীর শিক্ষণ, আইন ইত্যাদি বিষয়ে শিক্ষণ গ্রহণ করিতে হইবে। কনষ্টেবলদের ব্যাপারে বিনা ভাড়ায় একক বাসস্থান, বিনামূল্যে পোষাক, কলিকাতা পুলিশ হাসপাতালে বিনা ব্যয়ে চিকিৎসা ও পথ্য দেওয়া হইবে। যোগ্যতাসম্পন্ন কনষ্টেবলদের হেড কনষ্টেবল, জমাদার, সহকারী সাবইন্সপেক্টর, ইন্সপেক্টর, ইত্যাদি উচ্চতর পদে বিভাগীয় উন্নতির সম্ভাবনা আছে।

—প্রেসনোট

## ভাগীরথী সেতু

বহরমপুর শহরের নীচে ভাগীরথী নদীর উপরে নির্মীয়মান সেতুটির নির্মাণ কার্য্য দ্রুত গতিতে অগ্রসর হইতেছে। প্রসঙ্গক্রমে উল্লেখ করা যাইতে পারে যে কলিকাতা-শিলগুড়ি জাতীয় সড়কের সংযোগ রক্ষাকারী সমাপ্ত প্রায় এই সেতুটির পশ্চিম দকের মূল অংশ গত বৎসর আকস্মিকভাবে ভাঙ্গিয়া পড়ে।

৯০০ শত ফুট দীর্ঘ এই সেতুটি মাত্র চারিটি স্তম্ভের উপর নির্মিত হইতেছে। ইহার প্রধান তিনটি অংশের প্রতিটি ২২৭ ফুট প্রশস্ত। ১৩৬ ফুট দীর্ঘ ও ১৫ ইঞ্চি মোটা বিশেষ ধরণের কংক্রিট শ্ল্যাব পর পর সাজাইয়া সেতুটির মধ্যাংশ নির্মিত হইবে। এই কাজের জন্য মধ্য ভারত হইতে নূতন ধরণের ক্রেন আনিবার ব্যবস্থা হইয়াছে। ... ইণ্ডিয়া নামক বিখ্যাত প্রতিষ্ঠান সেতুটি ...র দায়িত্ব গ্রহণ করিয়াছে। বর্তমানে ...ত্র সেতুটির নির্মাণকার্য চলিতেছে। জাতীয় ...র উপর এই গুরুত্বপূর্ণ সেতুটি নির্মিত হইলে উত্তর পূর্ব বঙ্গ এবং আসামের সহিত পরিবহন ...যোগ অনেক সহজ হইয়া পড়িবে। এই ...টির আশেপাশের সমস্ত জমি অত্যন্ত উচ্চমূল্যে ব... ...ন পূর্বেই বিক্রয় হইয়া গিয়াছে। 'জনমত'

## ভারতীয় কৃষি গবেষণাগারের হীরক জয়ন্তী

ভারতীয় কৃষি গবেষণাগারের ষাট বৎসর পূর্ণ হইয়াছে। ১৯০৫ সালে বিহারের এই পুনা নামক এক গ্রামে এই গবেষণাগার ছোট আকারে স্থাপিত হয়। এখন ইহা বিশ্বের অন্যতম শ্রেষ্ঠ কৃষি গবেষণাগার হইয়া দাঁড়াইয়াছে। ১৮৮১ সালে দুর্ভিক্ষ তদন্ত কমিশনের সুপারিশ অনুসারে রাজকীয় কৃষি বিভাগ সৃষ্টি হয়। উহা হইতে ভারতীয় কৃষি গবেষণাগার গঠিত হয়। প্রথমে এই গবেষণাগারের পাঁচটি বিভাগ ছিল। এখন ইহার তেরটি বিভাগ। এই বিভাগগুলিতে ৭০০ বৈজ্ঞানিক কাজ করেন। ইহা সর্বাধুনিক সরঞ্জাম ও সুশিক্ষিত কর্মীর দ্বারা সজ্জিত। এখানে অধ্যয়ন ও গবেষণার সর্বাধুনিক সুবিধা রহিয়াছে। এই কৃষি গবেষণাগারের গ্রন্থাগারে ২ লক্ষ পুস্তক ও ১৫০০ সাময়িক পত্র রহিয়াছে। এত বড় কৃষি গ্রন্থাগার ভারতে আর নাই।

## খসড়া নির্ব্বাচক তালিকা প্রকাশ

৪১নং ফরাক্কা, ৪২নং সুতী, ৪৩নং জঙ্গিপুর ও ৪৪নং সাগরদীঘি বিধান সভা সমূহের খসড়া নির্ব্বাচক তালিকা প্রস্তুত করা হইয়াছে এবং উহার প্রতিলিপি নির্ব্বাচনিক নিবন্ধন আধিকারিকের অফিসে, এবং ৪১নং ফরাক্কা—সংশ্লিষ্ট অঞ্চল পঞ্চায়েত অফিসে, ধুলিয়ান মিউনিসিপ্যাল অফিসে ও সমসেরগঞ্জ বি, ডি, ও, অফিসে। ৪২নং সুতী—সংশ্লিষ্ট অঞ্চল পঞ্চায়েত অফিসে, সুতী ২নং বি, ডি, ও, অফিসে। ৪৩নং জঙ্গিপুর—সংশ্লিষ্ট অঞ্চল পঞ্চায়েত অফিসে, জঙ্গিপুর মিউনিসিপ্যাল অফিসে। ৪৪নং সাগরদীঘি—সংশ্লিষ্ট অঞ্চল পঞ্চায়েত অফিসে ও সাগরদীঘি বি, ডি, ও, অফিসে—

অফিস খোলা থাকিবার সময় পরিদর্শনের জন্য পাওয়া যাইবে।

যদি তালিকায় কোন নাম অন্তর্ভুক্ত করার জন্য কোন দাবি বা কোন নাম অন্তর্ভুক্ত করার জন্য কোন আপত্তি বা কোন লিখনের অন্তর্গত বিশেষ বিবরণ সম্বন্ধে কোন আপত্তি থাকে তবে তাহা নির্ব্বাচনিক-নিবন্ধন-আধিকারিকের অফিসে অথবা ৪১নং ফরাক্কা—বি, ডি, ও, সমসেরগঞ্জ/ফরাক্কা, ৪২নং সুতী—নির্ব্বাচনিক নিবন্ধন আধিকারিক অথবা সুতী ২নং/১নং বি, ডি, ও।

৪৩নং জঙ্গিপুর—নির্ব্বাচনিক নিবন্ধন আধিকারিক অথবা রঘুনাথগঞ্জ, ১নং/২নং বি, ডি, ও।

৪৪নং সাগরদীঘি—নির্ব্বাচনিক নিবন্ধন আধিকারিক অথবা বি, ডি, ও, সাগরদীঘি।

চারিটা নির্ব্বাচন ক্ষেত্রের আপত্তি দাখিলের দিন ১৯৬৫ সালের ৭ই মে বা তৎপূর্ব্বে উপযোগিতা বিবেচনায় ৬, ৭, বা ৮ নির্দ্দেশানুযায়ী জানাইতে হইবে, কিংবা যেন পূর্ব্বোক্ত তারিখের মধ্যেই জঙ্গিপুরের মহকুমা শাসক মহোদয়ের অফিসে নির্ব্বাচনিক-নিবন্ধন-আধিকারিকের নিকট পৌছায় এইভাবে নিবন্ধীকৃত (রেজিষ্টার্ড) ডাকযোগে নিম্ন ঠিকানায় পাঠাইতে হইবে।

ঠিকানা—নির্ব্বাচনিক নিবন্ধন আধিকারিক,
জঙ্গিপুর মহকুমা শাসকের অফিস
পোঃ রঘুনাথগঞ্জ, জেলা মুর্শিদাবাদ।

## শিক্ষকের পরলোকগমন

গত ৭ই এপ্রিল বুধবার রাত্রিতে রঘুনাথগঞ্জ উচ্চতর মাধ্যমিক (বহুমুখী) বালিকা বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক শ্রীহেমগোপাল চট্টরাজ মহাশয় সিউরী শহরে আত্মীয় বাড়ীতে পরলোকগমন করেন। মৃত্যুর দিন কয়েক পূর্ব্বে তিনি নিজের ব্যাধির চিকিৎসার জন্য সেখানকার নামকরা চিকিৎসকের নিকট গিয়াছিলেন। শবদেহ ট্রাকযোগে রঘুনাথগঞ্জ আনা হইয়াছিল। খবর পাওয়ামাত্র রঘুনাথগঞ্জ উচ্চ বিদ্যালয়ের ছাত্রগণ ও শিক্ষক মহাশয়গণ, বালিকা বিদ্যালয়ের সম্পাদক মহাশয়, শিক্ষক-শিক্ষিকা ও ছাত্রীগণ এবং শহরের ভদ্রলোক ও প্রতিবেশীগণ শবদেহের প্রতি সম্মান প্রদর্শন করেন। অনেকে শ্মশান পর্যন্ত শবানুগমন করেন। তাঁহার বয়স ৬৫ বৎসর হইয়াছিল। তিনি গোপালপুর মুক্তকেশী বিদ্যালয়, ছাতিনা সত্যায়তন বিদ্যাপীঠ প্রভৃতি উচ্চ বিদ্যালয়ে সুনামের সঙ্গে শিক্ষকতা করিয়াছেন। তিনি দুই কন্যা, দৌহিত্র-দৌহিত্রী, কনিষ্ঠ ভ্রাতা, ভ্রাতুষ্পুত্র ভ্রাতুষ্পুত্রী রাখিয়া গিয়াছেন। আমরা তাঁহার শোকসন্তপ্ত স্বজনগণের শোকে সমবেদনা প্রকাশ করিয়া পরলোকগত আত্মার চিরশান্তি কামনা করিতেছি।

## প্রবীণ চিকিৎসকের মৃত্যু

জঙ্গিপুর আদালতের ভূতপূর্ব্ব উকিল রঘুনাথগঞ্জ নিবাসী স্বর্গীয় মধুসূদন সিংহ মহাশয়ের একমাত্র পুত্র চক্ষুচিকিৎসায় বিশেষজ্ঞ ডাঃ কিশোরীমোহন সিংহ গত ২৯শে চৈত্র সোমবার সন্ধ্যায় পরলোকগমন করিয়াছেন। মৃত্যুকালে তাঁহার বয়স ৭৫ বৎসর হইয়াছিল। তিনি তিন কন্যা, তিন জামাতা ও কয়েকটী দৌহিত্র-দৌহিত্রী রাখিয়া গিয়াছেন। কয়েক বৎসর পূর্ব্বে তাঁহার পত্নী বিয়োগ হইয়াছে। তিনি কিছুকাল বহরমপুর হাসপাতালে অবৈতনিক চক্ষু-চিকিৎসকের পদে কার্য্য করিয়াছিলেন। তিনি একবার জঙ্গিপুর মিউনিসিপ্যালিটীর চেয়ারম্যান পদে নির্ব্বাচিত হইয়াছিলেন। আমরা তাঁহার স্বজনগণের শোকে সমবেদনা জ্ঞাপন করিয়া পরলোকগত আত্মার চিরশান্তি কামনা করিতেছি।




বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর

সি, কে, সেনের

**আমলা** কেশ



সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২

শীতে ব্যবহারোপযোগী

মৃতসঞ্জীবনী সুধা, মহাদ্রাক্ষারিষ্ট চ্যবনপ্রাশ

**ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও**

**সাধনা ঔষধালয়ের প্রস্তুত**

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেন্ট—**শ্রীননীগোপাল সেন,** কবিরাজ

অন্নপূর্ণা ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ (সদরঘাট)

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক

সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।

প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং **বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি** ইত্যাদি ও অঞ্চল পঞ্চায়েৎ, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

**সর্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়**

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

**আর্ট ইউনিয়ন**

সিটি সেলস অফিস
৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-৯
টেলি: 'আর্ট ইউনিয়ন' কলি:

সেলস অফিস ও শোরুম
৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৬
ফোন: ৫৫-৪৩৬৬

**শ্রীঅরুণ**

কমার্শিয়াল আর্টিষ্ট ও ফটোগ্রাফার

ছায়াবাণী সিনেমার সম্মুখে

পোঃ রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ

আয়ুর্ব্বেদীয় ঔষধ ও তৈলাদির

নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

ব্রজশশী আয়ুর্ব্বেদ ভবনের

**চ্যবনপ্রাশ**

কবিরাজ শ্রীরোহিণীকুমার রায়, বি-এ,

কবিরত্ন, বৈদ্যশেখর

রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ

হাতে কাটা

**বিশুদ্ধ পৈতা**

পণ্ডিত-প্রেসে পাইবেন।

জঙ্গিপুর সংবাদ সাপ্তাহিক সংবাদপত্র।

বার্ষিক মূল্য ২·২৫ নঃ পঃ অগ্রিম দেয়, নগদ মূল্য ·০৬ নঃ পঃ।

বিজ্ঞাপনের হার—প্রতিবার প্রতি লাইন ৫০ নঃ পঃ। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন। ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)